THE BANGLADESH OBSERVER

তারিখ JUN. 8 1999
পৃষ্ঠা ৭০ কলাম ৭

# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

"পাঠ্যপুস্তক ভবন"

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

বিজ্ঞপ্তি নং ২১৫ শিঃ শাঃ ২৮৫/৯৭ (পার্ট) তারিখ ৬/৬/৯৯ইং

## বিজ্ঞপ্তি

### পরিমার্জিত শিক্ষাক্রম অনুযায়ী উচ্চ মাধ্যমিক স্তরের জন্য লিখিত পাঠ্যপুস্তকের পাণ্ডুলিপি আহ্বান

সরকারী নির্দেশ মোতাবেক ১৯৯৮ শিক্ষাবর্ষ থেকে উচ্চ মাধ্যমিক স্তরে পরিমার্জিত শিক্ষাক্রম ও পাঠ্যসূচী অনুযায়ী প্রণীত নতুন পাঠ্যপুস্তক প্রবর্তন করা হচ্ছে। উচ্চ মাধ্যমিক স্তরের বিভিন্ন বিষয়ের পাঠ্যপুস্তক অনুমোদন প্রক্রিয়া উন্মুক্ত থাকবে বিধায় ২০০০ শিক্ষাবর্ষে প্রবর্তনের জন্য পরিমার্জিত শিক্ষাক্রম ও পাঠ্যসূচী অনুযায়ী আগ্রহী লেখক/প্রকাশকদের নিকট থেকে নিম্নলিখিত বিষয়সমূহের জন্য পাণ্ডুলিপি আহ্বান করা যাচ্ছে।

প্রতি বছর বিজ্ঞপ্তির মাধ্যমে উচ্চ মাধ্যমিক স্তরের পাঠ্যপুস্তকের পাণ্ডুলিপি আহ্বান করা হবে। তিন বছরের জন্য একটি পাঠ্যপুস্তকের অনুমোদন দেওয়া হবে। অনুমোদনের সময় সীমা অতিক্রান্ত হলে আগ্রহী লেখক/প্রকাশকগণ পুনঃ অনুমোদন লাভের জন্য মূল্যায়ন ফিসহ পাণ্ডুলিপি বোর্ডে জমা দিতে পারবেন। অনুমোদনের মেয়াদ তিন বছর এই শর্তটি ২০০০ শিক্ষাবর্ষ থেকে কার্যকর হবে এবং ১৯৯৮ ও ১৯৯৯ শিক্ষাবর্ষের অনুমোদিত বইগুলোর ক্ষেত্রেও এই তিন বছরের শর্ত ২০০০ শিক্ষাবর্ষ থেকে প্রযোজ্য হবে।

আগ্রহী লেখক/প্রকাশকদের পাণ্ডুলিপি মূল্যায়ন ফি বাবদ প্রতি ১০০ নম্বরের পাঠ্যপুস্তক অথবা এর অংশের জন্য ১০,০০০/- (দশ হাজার) টাকা এবং প্রতি ২০০ নম্বরের বিষয়ের পাঠ্যপুস্তকের জন্য ২০,০০০/- (বিশ হাজার) টাকা চেয়ারম্যান, এনসিটিবি, ঢাকা-এর অনুকূলে সোনালী ব্যাংক, এনসিটিবি শাখা, হিসাব নম্বর বি-১ এ ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা দিতে হবে। উল্লেখ্য যে, পাণ্ডুলিপি অনুমোদিত হলে একই হারে অনুমোদন ফি জমা দিতে হবে।

**বিষয়সমূহ :**

১. পদার্থবিজ্ঞান (১ম ও ২য় পত্র)
২. রসায়ন (১ম ও ২য় পত্র)
৩. জীববিজ্ঞান (১ম ও ২য় পত্র)
৪. গণিত (১ম ও ২য় পত্র)
৫. কম্পিউটার-শিক্ষা (১ম ও ২য় পত্র)
৬. পরিসংখ্যান (১ম ও ২য় পত্র)
৭. কৃষিশিক্ষা (১ম ও ২য় পত্র)
৮. অর্থনীতি (১ম ও ২য় পত্র)
৯. পৌরনীতি (১ম ও ২য় পত্র)
১০. সমাজবিজ্ঞান (১ম ও ২য় পত্র)
১১. সমাজকল্যাণ (১ম ও ২য় পত্র)
১২. ইতিহাস (১ম ও ২য় পত্র)
১৩. ইসলামের ইতিহাস (১ম ও ২য় পত্র)
১৪. যুক্তিবিদ্যা (১ম ও ২য় পত্র)
১৫. ভূগোল (১ম ও ২য় পত্র)
১৬. মনোবিজ্ঞান (১ম ও ২য় পত্র)
১৭. ইসলাম-শিক্ষা (১ম ও ২য় পত্র)
১৮. সমরবিদ্যা (১ম ও ২য় পত্র)
১৯. ব্যবসায়নীতি ও প্রয়োগ (১ম ও ২য় পত্র)
২০. হিসাববিজ্ঞান (১ম ও ২য় পত্র)
২১. ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা (১ম পত্র)
২২. অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল (১ম ও ২য় পত্র)
২৩. অর্থায়ন ও উৎপাদন এবং বিপণন (১ম ও ২য় পত্র)
২৪. সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা (১ম ও ২য় পত্র)
২৫. ব্যবহারিক শিল্পকলা ও বস্ত্র ও পোশাক শিল্প (২য় পত্র)

**শর্তসমূহ :**

(ক) পাণ্ডুলিপি কম্পিউটার কম্পোজ করে জমা দিতে হবে।

(খ) পাণ্ডুলিপি নির্ধারিত সাইজ $\frac{১}{৮}$ ডিমি (ডাবল ক্রাউন) হবে।

(গ) কন্টেন্ট এরিয়া (Content area) ৮$\frac{১}{২}$" X ৫$\frac{৩}{৪}$" হবে।

(ঘ) ১২ পয়েন্ট (Sabrena Tonny) টাইপ ব্যবহার করতে হবে।

(ঙ) প্রতি পত্রের জন্য পাণ্ডুলিপি ৪ কপি জমা দিতে হবে।

(চ) প্রতি পৃষ্ঠায় ৩০ থেকে ৩২ লাইন মুদ্রণ করতে হবে।

(ছ) যদি কোন প্রকাশক পাণ্ডুলিপি অনুমোদনের জন্য জমা দেন তাহলে পাঠ্যপুস্তক লেখকের সম্মতি পত্র সাথে জমা দিতে হবে।

পাণ্ডুলিপি জমাদানের শেষ তারিখ ৩০/০৬/৯৯ইং।

বোর্ডের সহকারী সম্পাদক জনাব আব্দুল কাদের মজুমদার-এর নিকট উপরিউক্ত বিষয়সমূহের পরিমার্জিত শিক্ষাক্রম ও পাঠ্যসূচী পাওয়া যাবে। পাণ্ডুলিপি প্রধান সম্পাদকের নিকট জমা দিতে হবে।

সচিব
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
ঢাকা।

জিসি-২৭৯৫